# Judicial Administration Training Institute

15, College Road, Dhaka.

**The Institute has organized the following training courses from July, 2019 to December, 2019**

| Sl. No. | Course Title | Target Group | No. of the Participants | | | Duration |
|---|---|---|---|---|---|---|
| | | | Male | Female | Total | |
| 1 | 142nd Refresher Course | Joint District & Sessions Judges/ Equivalent Judicial Officers | 32 | 8 | 40 | 30/06/2019-04/07/2019 |
| 2 | TOT Course | Judicial Officers | 21 | 3 | 24 | 02/07/2019-03/07/2019 |
| 3 | Training on ADR (Mediation) for the Judges of Bangladesh | Judicial Officers | 20 | 10 | 30 | 14/07/2019-18/07/2019 |
| 4 | Training on Orientation to Terrorism and Money Laundering Cases | Government Law Officers (PP) | 20 | 3 | 23 | 06/09/2019-07/09/2019 |
| 5 | 39th Foundation Training Course | Assistant Judges/Equivalent Judicial Officers | 34 | 11 | 45 | 21/07/2019-20/11/2019 |
| 6 | Mediation Training (Three Days) Course for the Assistant Judges/ Equivalent Judicial Officers | Assistant Judges/Equivalent Judicial Officers | 34 | 11 | 45 | 03/11/2019-05/11/2019 |
| 7 | Training on Restorative Justice Approach in Mediation for Legal Aid Officers | District Legal Aid Officers | 20 | 8 | 28 | 29/10/2019-30/10/2019 |
| 8 | Bench Book বিষয়ক Sharing Meeting | Judicial Officers | 23 | 2 | 25 | 23/11/2019 |
| 9 | 21st Special Training Course | Government Pleaders (GP) & Public Prosecutors (PP) | 34 | 2 | 36 | 03/12/2019-05/12/2019 |
| 10 | 11th In-service Training Course | Bench Assistants of the Court of District & Sessions Judge | 42 | 1 | 43 | 22/12/2019-24/12/2019 |
| | | **Total=** | **280** | **59** | **339** | |

| | | |
|---|---|---|
| **Judicial Officer** | **=** | **237** |
| **GP & PP** | **=** | **059** |
| **Court Staff** | **=** | **043** |
| **JATI Staff** | **=** | **000** |
| **Total** | **=** | **339** |

(মোঃ আশরাফুল ইসলাম)
অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক
প্রশিক্ষণ শাখা
বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট**
১৫, কলেজ রোড, ঢাকা- ১০০০
Web: http://jati.judiciary.org.bd

নং ঃ ১০.০৬.০০০০.০০১.০৮.০০৮.১৫-৯৭ তারিখঃ ২০/০১/২০১৯ খ্রিস্টাব্দ।

**বিষয় ঃ বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট এর সম্প্রসারণের নিমিত্ত ইনস্টিটিউট ভবনের লাগ উত্তর পার্শ্বে অবস্থিত ০.৩১৮০ একর সরকারি জায়গা ইনস্টিটিউটের অনুকূলে বরাদ্দ প্রদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ১৯৯৭ সনের পহেলা মার্চ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা কর্তৃক প্রথম প্রশিক্ষণ কোর্সের শুভ উদ্বোধনের মাধ্যমে বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট পুরাতন হাইকোর্ট ভবনের একাংশে উহার আনুষ্ঠানিক যাত্রা শুরু করে।

০২। পুরাতন হাইকোর্ট ভবনে স্থান সংকুলান না হওয়ার কারণে ইনস্টিটিউটের প্রশাসনিক ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার সমস্যা দেখা দিলে সরকার ১৫, কলেজ রোডস্থ থানা ও মৌজা-রমনা, সি.এস. ও আর.এস খতিয়ান নং- ১, সি.এস. দাগ নং- ১০৮, আর.এস. দাগ নং- ১২৬৯, জমির পরিমাণ ০.৬৯ একর ইনস্টিটিউটের অনুকূলে বরাদ্দ প্রদান করে। বিগত ১৯৯৬-২০০১ সরকারের মেয়াদে বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট ভবন নির্মাণের সার্বিক পরিকল্পনা ও নকশা প্রণয়নের কাজ হাতে নেয়া হয়। তদ্প্রেক্ষিতে গৃহীত পদক্ষেপের ভিত্তিতে প্রথম পর্যায়ে ০৬ তলা বিশিষ্ট বর্তমান ভবনটি নির্মিত হয় এবং অত্র ইনস্টিটিউট বিগত ২০০৬ সনে পুরাতন হাইকোর্ট ভবন হতে তার যাবতীয় কার্যক্রম বর্তমান ভবনে স্থানান্তর করে। পরবর্তীতে ১২ তলা ভিত্তি বিশিষ্ট বিল্ডিং-এ ৭ম-৯ম তলা সম্প্রসারণ করে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন ব্যবহার করছে। অধিকন্তু, অত্র ইনস্টিটিউটের জন্য নির্মিত কক্ষগুলোর মধ্যে ২য় তলা থেকে ৫ম তলা পর্যন্ত কতিপয় কক্ষে আইন কমিশন উহার দাপ্তরিক কার্যাবলী পরিচালনা করছে। ইনস্টিটিউট ভবনের ১০-১২ তলা সম্প্রসারণের কাজ বর্তমানে চলমান রয়েছে যার মধ্যে ১১-১২ তলা আইন কমিশনকে বরাদ্দ প্রদান করা হয়েছে এবং ১০ম তলা ইনস্টিটিউটে আগত মহিলা প্রশিক্ষণার্থীদের জন্য ডরমিটরী হিসেবে ব্যবহার করা হবে। প্রশিক্ষণার্থী ও কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রয়োজনীয় কক্ষ না থাকায় একটি ব্যাচে মাত্র ৪৫ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। বর্তমানে বিচার বিভাগীয় কর্মকর্তার সংখ্যা পূর্বের তুলনায় অনেক বৃদ্ধি পাওয়ায় আবাসিক ও অফিস কক্ষ সংকটের কারণে ইনস্টিটিউট একটি করে প্রশিক্ষণ কোর্স আয়োজন করে আসছে। ফলে প্রতিটি টার্গেট গ্রুপেই অনেক সদস্য প্রশিক্ষণ বিহীন থাকায় জট লেগে যাচ্ছে। পাশাপাশি একাধিক কোর্স চালু করা না গেলে এত অধিক সংখ্যক কর্মকর্তা ও কর্মচারী এবং আইনে বর্ণিত অন্যান্য ব্যক্তিবর্গকে দ্রুততম সময়ে প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হবে না। এতে করে প্রতিটি টার্গেট গ্রুপেই প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে পূর্বের জট আরও বেড়ে যাবে।

০৩। অত্র ইনস্টিটিউট নবনিয়োগপ্রাপ্ত সহকারী জজদের জন্য ৪ মাস মেয়াদী বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের আয়োজন করে আসছে। বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স কারিকুলামে নিয়মিত শরীর চর্চাসহ ইয়োগা ও মেডিটেশন বাধ্যতামূলক করা হয়েছে যা তাদের ফলাফল নির্ধারণে মূল্যায়ন করা হয়। প্রশিক্ষণকে প্রাণবন্ত ও কার্যকর করতে হলে প্রশিক্ষণার্থীদের নিয়মিত শরীর চর্চা ও খেলাধুলায় অংশগ্রহণ করা অতীব প্রয়োজন। এতে করে প্রশিক্ষণার্থীরা একদিকে যেমন শারীরিকভাবে সুস্থ্য থাকবেন ঠিক তেমনি প্রশিক্ষণের একঘেঁয়েমীও কেটে যাবে এবং তারা নব উদ্যমে প্রশিক্ষণে মনোনিবেশ করতে পারবেন। তবে নিজস্ব মাঠ না থাকায় শরীরচর্চা কার্যক্রম সুচারুরূপে সম্পন্ন করা সম্ভব হচ্ছে না। কার্যকর প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণার্থীদের সকালে শরীর চর্চা ও বিকালে খেলাধুলার জন্য ইনস্টিটিউটের নিজস্ব একটি মাঠ থাকা বাঞ্ছনীয়।

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
সচিবের দপ্তর
২০/০১/১৯
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০৪। ইনস্টিটিউটের দাপ্তরিক ও প্রশিক্ষণ কর্মসূচী বহুলাংশে বৃদ্ধি করতে হলে বিদ্যমান স্বল্প পরিসরে উহা করা সম্ভব নয়। তাই জরুরী ভিত্তিতে JATI Complex-এর সম্প্রসারণ করা অত্যাবশ্যক। ইনস্টিটিউট কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ কোর্সসমূহ আবাসিক হওয়ায় প্রশিক্ষণার্থীদের দেখা শুনা এবং প্রশিক্ষণ কার্যাদি মানসম্মতভাবে সম্পাদন করার জন্য ইনস্টিটিউটের কর্মকর্তা ও কর্মচারীদের আবাসনের ব্যবস্থাও করা দরকার। ইনস্টিটিউট ভবন মাত্র ০.৬৯ একর জমির উপর অবস্থিত হওয়ায়, বাড়তি কোন জমি না থাকায় এবং উহাতে আরও দুটি সরকারি অফিস অবস্থিত থাকায় উল্লিখিত চাহিদাসমূহ পূরণ করা সম্ভব হচ্ছে না। বিষয়টির গুরুত্ব অনুধাবন করে গত ০৪/০৩/২০১৫ খ্রিস্টাব্দ তারিখে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি সভাপতিত্বে অনুষ্ঠিত বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটের পরিচালনা বোর্ডের ২৬তম সভায় ও গত ০৪/০৯/২০১৮ খ্রিস্টাব্দ তারিখের ২৭তম সভায় অত্র ইনস্টিটিউট ভবন সম্প্রসারণের লক্ষ্যে ইনস্টিটিউট ভবনের উত্তর পার্শ্বে অবস্থিত থানা ও মৌজা-রমনা, সি.এস. ও আর. এস. খতিয়ান নং-১ সি.এস. দাগ নং- ১০৮, আর.এস. দাগ নং- ১২৬৯, সিটি জরিপ হাল দাগ নং- ৪৮২০ (জমির পরিমাণ ১.০০ একর) এবং দাগ নং ৪৮২১ (জমির পরিমাণ ০.৩১৮০ একর) সরকারি জায়গা ইনস্টিটিউটের অনুকূলে বরাদ্দ পাওয়ার লক্ষ্যে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগে প্রয়োজনীয় পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় (কপি সংযুক্ত)।

০৬। বর্ণিতাবস্থায়, বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটের পরিচালনা বোর্ডের ২৬তম ও ২৭তম সভার সিদ্ধান্তের আলোকে ১৫, কলেজ রোডস্থ থানা ও মৌজা-রমনা, সি.এস.ও আর.এস খতিয়ান নং-১, সি.এস. দাগ নং- ১০৮, আর.এস. দাগ নং- ১২৬৯, সিটি জরিপ হাল দাগ নং- ৪৮২০ (জমির পরিমাণ ১.০০ একর) এবং দাগ নং- ৪৮২১ (জমির পরিমাণ ০.৩১৮০ একর) সরকারি জায়গাটি ইনস্টিটিউটের অনুকূলে বরাদ্দ প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

স্বা:

(এস.এম. জিয়াউর রহমান)
পরিচালক (প্রশাসন)
ফোন ঃ ৯৫৭৪০৯৯ (অফিস)।

মাননীয় সচিব
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**দৃষ্টি আকর্ষণঃ**
সিনিয়র সহকারী সচিব
বিচার শাখা-৫

নং ঃ ১০.০৬.০০০০.০০১.০৮.০০৮.১৫- তারিখঃ ২০/০১/২০১৯ খ্রিস্টাব্দ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মাননীয় সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অফিস কপি।

২০/১/১৯

(মোহাম্মদ বদিউজ্জামান)
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন-৯৫৬৪৯০০ (অফিস)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট**
১৫, কলেজ রোড, ঢাকা-১০০০
http://jati.judiciary.org.bd

নং ১০.০৬.০০০০.০০১.০৫.০১৩.১৯.১৮ তারিখ ঃ ০৭ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ। ২০ জানুয়ারী, ২০১৯ খ্রিস্টাব্দ।

বিষয় : পরিচালনা বোর্ডের ২৭তম সভার ২(খ) ও ৩নং আলোচ্যসূচীর সিদ্ধান্ত মোতাবেক বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটের জন্য ২০টি পদ সৃজনে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ প্রসঙ্গে।

যথাযথ সম্মান প্রদর্শনপূর্বক উপর্যুক্ত বিষয়ের আলোকে নির্দেশিত হয়ে জানাচ্ছি যে, ইনস্টিটিউটের পরিচালনা বোর্ডের ২৬তম সভার ৩(ক)নং আলোচ্যসূচীর সিদ্ধান্ত মোতাবেক ইনস্টিটিউট কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ কোর্সসমূহ সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনে প্রথম শ্রেণীর ৭টি, দ্বিতীয় শ্রেণীর ২টি, তৃতীয় শ্রেণীর ৪টি এবং চতুর্থ শ্রেণীর ৬টি পদসহ সর্বমোট ১৯টি পদ সৃজনে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হলে জনপ্রশাসন মন্ত্রণালয় উক্ত পদসমূহ হতে ১০টি পদ সৃজনে সম্মতি জ্ঞাপন করে। ইতোমধ্যে ইনস্টিটিউটের প্রয়োজনে পূর্বের ১৯টি পদের মধ্যে বাকী ৯টি পদ (পরিচালক ১টি, উপ-পরিচালক ১টি, সহকারী পরিচালক ২টি, মেডিকেল অফিসার ১টি, প্রশাসনিক কর্মকর্তা ১টি, কম্পিউটার অপারেটর ১টি, ফার্মাসিস্ট ১টি, ক্লাসরুম এটেনডেন্ট ১টি)সহ বিভিন্ন পর্যায়ের আরও ১১টি পদ (প্রোগ্রামার ১টি, রিসেপশনিস্ট ১টি, নিরাপত্তা প্রহরী ১টি পদ এবং outsourcing-এর মাধ্যমে ক্লিনার ৪টি, ডাইনিং বয় ২টি ও ডরমিটরী এটেনডেন্ট ২টি) সৃজনের প্রয়োজনীয়তা অনুভূত হলে পরিচালনা বোর্ডের ২৭তম সভায় বিষয়টি উত্থাপন করা হয়। বিস্তারিত আলোচনা শেষে বিষয়টির গুরুত্ব অনুধাবন করে পরিচালনা বোর্ড অত্র ইনস্টিটিউটের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য পূর্বের ৯টি পদ ও ২৭তম বোর্ড সভায় অনুমোদিত ১১টি পদসহ সর্বমোট ২০টি পদ সৃজনের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত প্রদান করেন।

এমতাবস্থায়, পরিচালনা বোর্ডের ২৭তম সভার ২(খ) ও ৩নং আলোচ্যসূচীর সিদ্ধান্ত মোতাবেক বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটের জন্য সর্বমোট ২০টি পদ সৃজনে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করার জন্য আপনাকে সবিনয় অনুরোধ করা হলো।

২০/০১/১৯

এস.এম. জিয়াউর রহমান
পরিচালক (প্রশাসন)
ফোন : ৯৫৭৪০৯৯ (অফিস)
Email: jati_dak@yahoo.com

মাননীয় সচিব
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ : সিনিয়র সহকারী সচিব
বাজেট ও উন্নয়ন অনুবিভাগ
উন্নয়ন শাখা।

সংযুক্তি :
১। পদ সৃষ্টির চেকলিষ্ট ;
২। রাজস্ব খাতে পদ সৃষ্টির পূরণকৃত ছক ;
৩। প্রস্তাবিত পদসমূহের নিয়োগবিধি ;
৪। বিদ্যমান পদের বিবরণী ;
৫। বিদ্যমান সাংগঠনিক কাঠামো ;
৬। প্রস্তাবিত সাংগঠনিক কাঠামো ;
৭। ২০টি নতুন পদ সৃজনের জন্য বছরে প্রয়োজনীয় বেতন ভাতার হিসাব বিবরণী ;
৮। পদ সৃজনের যৌক্তিকতার সার সংক্ষেপ ;
৯। ২৭তম পরিচালনা বোর্ডের সভার সিদ্ধান্ত ;
১০। বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট আইন, ১৯৯৫;
১১। বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ১৯৯৭ এর তফসিল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট
১৫, কলেজ রোড, ঢাকা-১০০০
প্রশিক্ষণ শাখা
http://jati.judiciary.org.bd

নং: ১০.০৬.০০০০.০০২.২১.০১৬.১৭.২৯৬১

তারিখ: ২০ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ।
০২ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ।

# অফিস আদেশ

অত্র ইনস্টিটিউটের একটি শর্ট কোর্স এবং বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের একটি মডিউল ই-লার্নিং এর মাধ্যমে চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নোক্তরূপে একটি ই-লার্নিং কার্যক্রম বাস্তবায়ন কমিটি গঠন করা হয়েছে এবং সে মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য কমিটির সকল সদস্যবৃন্দকে আদিষ্ট হয়ে নির্দেশ প্রদান করা হলো ঃ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | দায়িত্ব | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ গোলাম কিবরিয়া<br>পরিচালক (প্রশিক্ষণ) | সার্বিক তত্ত্বাবধান | সমন্বয়ক |
| ২. | জনাব মীর মোঃ এমতাজুল হক<br>পরিচালক (গবেষণা ও প্রকাশনা) | কোর্স ডিজাইন ও কন্টেন্ট নির্ধারণ | মডিউল লিডার |
| ৩. | জনাব মোহাম্মদ বদিউজ্জামান<br>সহকারী পরিচালক (প্রশাসন) | অর্থ ও প্রশাসনিক বিষয় | সদস্য |
| ৪. | জনাব নাজমুন নাহার নীপু<br>গবেষণা কর্মকর্তা | পরিকল্পনা, অনুষদ সদস্য/রিসোর্স পার্সন নির্ধারণ, কোর্স কন্টেন্ট প্রস্তুত ও বাস্তবায়ন | সদস্য সচিব |

এছাড়াও ই-লার্নিং কার্যক্রম বাস্তবায়নের জন্য এটুআই প্রোগ্রামের সাথে যোগাযোগের নিমিত্ত অত্র ইনস্টিটিউটের উপ-পরিচালক (গবেষণা ও প্রকাশনা) জনাব আল আসাদ মোঃ মাহমুদুল ইসলাম-কে ফোকাল পার্সন হিসেবে নিয়োগ করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ গোলাম কিবরিয়া)
(সিনিয়র জেলা জজ)
পরিচালক (প্রশিক্ষণ)
ফোন ঃ ৯৫৬৮৩৭৪ (অফিস)।

কপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে প্রেরিত হল ঃ

১. জনাব এস. এম. জিয়াউর রহমান, পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট।
২. জনাব মীর মোঃ এমতাজুল হক, পরিচালক (গবেষণা ও প্রকাশনা), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট।
৩. জনাব এফ. এম. আহসানুল হক, উপ-পরিচালক (প্রশিক্ষণ), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট।
৪. জনাব আল আসাদ মোঃ মাহমুদুল ইসলাম, উপ-পরিচালক (গবেষণা ও প্রকশনা), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট।
৫. জনাব আলমগীর এস. রহমান, উপ-পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট।
৬. জনাব মোহাম্মদ বদিউজ্জামান, সহকারী পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট।
৭. জনাব নাহিদ নিয়াজী, সহকারী পরিচালক (প্রশিক্ষণ), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট।
৮. জনাব নাজমুন নাহার নীপু, গবেষণা কর্মকর্তা, বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট।
৯. জনাব বিপ্লব কুমার কুরী, সহকারী পরিচালক (গবেষণা ও প্রকাশনা), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট।
১০. পি.এ. টু মাননীয় মহাপরিচালক, বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট।
১১. অফিস কপি।

D:\Asrafull Islam\Ashraful\Training\Letter (Bangla).doc

5

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট
১৫, কলেজ রোড, ঢাকা-১০০০।

## গবেষণা ও প্রকাশনা শাখা

তারিখঃ ০১/০১/২০২০ খ্রিষ্টাব্দ।

**বিষয় ঃ প্রতিবেদন প্রসঙ্গে।**

ইনস্টিটিউটের গবেষণা ও প্রকাশনা শাখা কর্তৃক ০১/০৭/২০১৯ খ্রিস্টাব্দ তারিখ হইতে ৩১/১২/২০১৯ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত নিম্নলিখিত কার্যাদি সম্পন্ন করা হইয়াছেঃ

| | | |
|---|---|---|
| ১। | ই-ক্যাটালগিং | ঃ ১৩৮৭৬ টি পুস্তক ও সাময়িকী ; |
| ২। | গবেষণা কর্ম ও পুস্তক ক্রয় | ঃ ১৪২ কপি ও পুস্তক ও সাময়িকী ; |
| ৩। | JATI Journal প্রকাশ | ঃ ৫০০ কপি এবং |
| ৪। | JATI Journal বিতরণ | ঃ ৪২১ কপি। |

কামাল হোসেন ০১/০১/২০২০
কামাল হোসেন
গ্রন্থাগারিক
বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট
১৫, কলেজ রোড, ঢাকা।

6

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট**
১৫, কলেজ রোড, ঢাকা।
http://jati.judiciary.org.bd

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং ১০.০৬.০০০০.০০১.৬২.০২২.১৯.৭০ তারিখ : ২২ ফাল্গুন, ১৪২৫ বঙ্গাব্দ।
০৬ মার্চ, ২০১৯ খ্রিস্টাব্দ।

বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট-এর নিম্নলিখিত শূণ্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পূরণের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতনস্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | অফিস সহায়ক | ০১ | ৮,২৫০-২০,০১০/-(২০১৫ সনের জাতীয় বেতনস্কেল অনুযায়ী) | অষ্টম শ্রেণি পাস। |

শর্তাবলী :

১। নির্ধারিত ফরমে আবেদনপত্র পূরণ করে আগামী ২৫/০৩/২০১৯ খ্রিস্টাব্দ তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা-১০০০ বরাবর ডাকযোগে, কুরিয়ার সার্ভিসের মাধ্যমে অথবা সরাসরি আবেদনপত্র পৌছাতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.mopa.gov.bd)-এর A model form on application of appointment of vacancy post of the Govt. offices শীর্ষক শিরোনাম হতে ডাউনলোডকৃত আবেদনপত্রের নির্ধারিত ফরম/ উক্ত ডাউনলোডকৃত ফরম ফটোকপি করে ব্যবহার করা যাবে ;

২। প্রার্থীর বয়সসীমা ২৫/০৩/২০১৯ খ্রিস্টাব্দ তারিখ ১৮ (আঠারো) হতে ৩০ (ত্রিশ) বৎসরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। চাকরিরত প্রার্থীগণকে নির্ধারিত তারিখের মধ্যে স্বীয় কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না ;

৩। আবেদনপত্রের সাথে প্রার্থীর সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে ;

৪। আবেদনকারীকে মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে) এবং নিয়োগ বিজ্ঞপ্তি ও আবেদনপত্রে উল্লিখিত অন্যান্য কাগজপত্রের মূল কপি এবং উক্ত সনদপত্র ও কাগজপত্রের ০১ সেট ফটোকপি দাখিল করতে হবে ;

৫। আবেদনপত্রের সাথে পরীক্ষা ফি বাবদ ৫০/- টাকা মূল্যমানের পোষ্টাল অর্ডার, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার * দাখিল করতে হবে ;

৬। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ./ডি.এ. প্রদান করা হবে না ;

৭। নির্ধারিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত দরখাস্ত গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে ;

৮। অত্র নিয়োগ বিজ্ঞপ্তি কোন চাকরির নিশ্চয়তা প্রদান করে না। নিয়োগকারী কর্তৃপক্ষ আবেদনকারী প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা ও উৎকর্ষতার ভিত্তিতে সীমিত সংখ্যক প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদানের সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন ;

৯। নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(স্বাক্ষর) ৬/৩/১৯

এস.এম. জিয়াউর রহমান
পরিচালক (প্রশাসন)
ও
সভাপতি
নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি।

* পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট-এর অনুকূলে

# Judicial Administration Training Institute

## 39th Foundation Training Course for the Assistant Judges/Equivalent Judicial Officers

(21 July to 20 November, 2019)

## 3RD WEEK

| Day & Date | 6:00-7:00 a.m. | Period-1-2<br>8:30-10:00 a.m. | 10:00-10:30 a.m. | Period-3<br>10:30-11:30 a.m. | Period-4<br>11:30 a.m.-12:30 p.m. | Period-5<br>12:30-1:30 p.m. | 1:30-2:30 p.m. | Period-6-7<br>2:30-4:00 p.m. |
|---|---|---|---|---|---|---|---|---|
| **03.08.2019 Saturday** | Physical Exercise<br>**Mr. Mollah Nasiruddin Ahmed**<br>Physical Instructor | 75 to 76<br>General Discussion on Government Servants (Discipline and Appeal) Rules, 2018 and the Government Servants (Conduct) Rules, 1979 with Special Reference to Initiation and Disposal of Departmental Proceedings<br>**Mr. Justice Abu Ahmed Jamadar** | **Refreshment** | 77<br>General Principles of Sentencing and Different Slabs of Punishment (2)<br>**Mr. Justice Khondker Musa Khaled**<br>Director General, JATI | 78 to 79<br>Sale Generally, Sale of Movable Property, Sale of Immovable Property & Resistance to Delivery of Possession to Decree-Holder or Purchaser under Order 21, Rules 64-103 CPC<br>**Mr. Probir Neogi**<br>Senior Advocate, The Supreme Court of Bangladesh | | **Prayer and Lunch** | 80 to 81<br>Practice Session on MS Word<br>**Mr. Shah Alam**<br>Programmer and Head of IT, NAEM<br>**Assisted by:** Mr. Md. Sofiqul Islam, Data Entry Control Supervisor, JATI |
| **04.08.2019 Sunday** | Physical Exercise<br>**Mr. Mollah Nasiruddin Ahmed**<br>Physical Instructor | 82 to 83<br>General overview of judicial leadership skills & managerial techniques in court administration<br>**Mr. Al Asad Md. Mahmudul Islam**<br>(Joint District & Sessions Judge)<br>Deputy Director (Training), JATI | **Refreshment** | 84 to 85<br>Ethical Standard and Code of Conduct for the Judicial Officers<br>**Mr. Justice Syed Mahmud Hossain**<br>Hon'ble Chief Justice of Bangladesh | | 86<br>Historical Evolution of Bangladesh Judiciary<br>**Mr. Mohammad Iftekhar Bin Aziz**<br>(District Judge)<br>Deputy Secretary (Opinion-2)<br>Law & Justice Division, MoLJ&PA | **Prayer and Lunch** | 87 to 88<br>High-frequency Grammatical Errors in Written English & Proper Use of Prepositions<br>**Dr. Syed Naquib Muslim**<br>Former Secretary, GoB |
| **05.08.2019 Monday** | Yoga & Meditation<br>**Mr. Ahmed Sharif, BSS,MSS(Econ)**<br>Coordinator & Chief Yoga Instructor<br>Quantum Yoga Club | 89 to 95<br>Discussion on filing of written statement, appearance of parties and consequence of non-appearance under CPC & CRO<br>**Mr. Justice Md. Shawkat Hossain** | **Refreshment** | **10:30-12:00** 96 to 97<br>A brief discussion on Reference, Review, Revision under the Code of Civil Procedure, 1908<br>**Mr. Justice Khondker Musa Khaled**<br>Director General, JATI | **12:00-13:30** 98<br>The Art of Book Review<br>**Dr. Soumitra Sekhar Dey**<br>Professor, Department of Bangla, Dhaka University | | | 99 to 100<br>**Visit to Bangabandhu Memorial Museum** |
| **06.08.2019 Tuesday** | Physical Exercise<br>**Mr. Mollah Nasiruddin Ahmed**<br>Physical Instructor | 96 to 97<br>Issue and Service of Process (summons, Warrants, Warrants for Proclamation & attachment) to Compel Appearance of the Accused and Witness under Chapter VI of Cr.P.C. and Chapter III of Cr.R.O (Vol.1)<br>**Madam Justice Krishna Debnath** | **Refreshment** | 98<br>Discussion on Techniques of Report Writing, Email Communication & Application for Higher Education in abroad<br>**Mr. Hussain Muhammad Fazlul Bari**<br>Member (Additional District Judge), 2nd Court of Settlement, Dhaka | 99<br>Pre-emption under Muslim Law & Preferential Right to Purchase u/s 4 of the Partition Act, 1893 along with Model Operative Orders<br>**Mr. Fowzul Azim**<br>Chief Research Officer (District Judge), Law Commission | 100<br>Monitoring the works of the Copying Department and other related works under the rules 522 to 583 of the C.R.O, Volume-I<br>**Mr. Mir Md. Amtazul Hoque**<br>(Additional District & Sessions Judge)<br>Director (Research & Publication), JATI | **Prayer and Lunch** | 101 to 102<br>A brief discussion on basic Health & Nutrition<br>**Ms. Lubna Yeasmin**<br>Public Health Professional<br>Former Researcher, Law Commission |
| **07.08.2019 Wednesday** | Yoga & Meditation<br>**Mr. Ahmed Sharif, BSS,MSS(Econ)**<br>Coordinator & Chief Yoga Instructor<br>Quantum Yoga Club | 103 to 104<br>**Judicial Skill :** Review of judgment (Criminal) together with charge, depositions, documents etc. submitted by the participants<br>**Mr. Justice Md. Shahinur Islam** | **Refreshment** | 105 to 106<br>Implementation of Sustainable Development Goals, Annual Performance Appraisal: Citizen Charter<br>**Ms. Ummey Kulsum**<br>Joint Secretary<br>Law & Justice Division, MoLJPA | | 107<br>Salient Features of the Muslim Family Laws Ordinance, 1961<br>**Ms. Mehnaz Siddiqui**<br>(Senior Assistant Judge)<br>Assistant Director (Training-2), JATI | **Prayer and Lunch** | 108 to 109<br>Sentence Variety and Fluency: How to Achieve Them<br>**Dr. Syed Naquib Muslim**<br>Former Secretary, GoB |
| **08.08.2019 Thursday** | Physical Exercise<br>**Mr. Mollah Nasiruddin Ahmed**<br>Physical Instructor | 110 to 111<br>**Judicial Skill :** Review of judgment (Civil) together with issues, depositions, Documents etc. submitted by the participants<br>**Mr. Justice S M Kuddus Zaman** | **Refreshment** | 112<br>Pre-emption under section 96 of the SA&T Act, 1950 along with Model Orders<br>**Mr. Fowzul Azim**<br>Chief Research Officer (District Judge), Bangladesh Law Commission | 113 to 114<br>General Discussion on the Law of Partition with Special Reference to Calculation of Shares, Hotchpots & Technique of Writing judgment & Order in Partition Suit<br>**Mr. Justice Mohammad Anwarul Haque**<br>Chairman, Chittagong Hill Tracts Land Dispute Settlement Commission | | **Prayer and Lunch** | 115 to 116<br>**Library Work** |
| **09.08.2019 Friday** | **WEEKLY HOLIDAY** | | | | | | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট**
১৫, কলেজ রোড, শাহ্‌বাগ, ঢাকা-১০০০।
web: http://jati.judiciary.org.bd

স্মারক নং ১০.০৬.০০০০.০০১.৩২.০০২.১৯. ১৬২

তারিখ: ২৫ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ।
০৯ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ।

**বিষয়: বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট-এর ২০১৮-২০১৯ অর্থ বছরের কার্যাবলী সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

**সূত্র:** আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ, বিচার শাখা-৮ এর স্মারক নং-১০.০০.০০০০.১৩২.০৬.০০৯.১৪(অংশ)-২৪০, তারিখ: ০৩/০৭/২০১৯ খ্রিস্টাব্দ মূলে প্রাপ্ত পত্র।

যথাযথ সম্মান প্রদর্শনপূর্বক উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশিত হয়ে ২০১৮-২০১৯ অর্থ বছরে বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট কর্তৃক গৃহীত কার্যাবলী সংক্রান্ত প্রতিবেদন এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

০৯/৭/১৯

মোহাম্মদ বদিউজ্জামান
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন নং ০২-৯৫৬৪৯০০ (অফিস)
E-mail: jati_dak@yahoo.com

মাননীয় সচিব
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

দৃষ্টি আকর্ষণ:
সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-৮।

সংযুক্ত:
০১। ২০১৮-২০১৯ অর্থ বছরের কার্যাবলী সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন।

০৫

# মন্ত্রণালয়/বিভাগসমূহের বার্ষিক প্রতিবেদন ছক

**মন্ত্রণালয়/বিভাগের নাম: বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট**
**প্রতিবেদনাধীন বছর: ২০১৮-১৯**
**প্রতিবেদন প্রস্তুতির তারিখ: ০৯/০৭/২০১৯ খ্রিস্টাব্দ**

## (১) প্রশাসনিক

১. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | বছরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ | মন্তব্য* |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| মন্ত্রণালয় | | | | | |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/ সংযুক্ত অফিস (মোট পদ সংখ্যা) | ৭৬ | ৬৫ | ১১ | ০ | নব সৃজিত ১০টি পদের মধ্যে শারীরিক প্রশিক্ষক, প্রশাসনিক কর্মকর্তা, কম্পিউটার অপারেটর, ক্লাসরুম এটেনডেন্ট, বুক বাইন্ডার, বুক সর্টার ও অফিস সহায়ক-এর ৯টি পদে এখনও জনবল নিয়োগ না হওয়ায় এবং বিদ্যমান পদসমূহের মধ্যে বদলীজনিত কারণে সহকারী পরিচালক (হিসাব)-এর ১টি ও মৃত্যুজনিত কারণে অফিস সহায়ক-এর ১টি পদ শুন্য থাকায় সর্বমোট ১১টি পদ শুন্য রয়েছে। |
| **মোট** | | | | | |

* অনুমোদিত পদের হ্রাস/বৃদ্ধির কারণ মন্তব্য কলামে উল্লেখ করতে হবে।

১.২ শূন্যপদের বিন্যাস

| অতিরিক্ত সচিব/তদূর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| - | - | ১ | ২ | ২ | ৬ | ১১ |

১.৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ (অতিরিক্ত সচিব/সমপদমর্যাদাসম্পন্ন/সংস্থা-প্রধান/তদূর্ধ্ব) শূন্য থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

১.৪ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা ঃ প্রযোজ্য নয়।

১.৫ অন্যান্য পদের তথ্য

| প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরের জন্য প্রক্রিয়াধীন পদের সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| - | - |

* কোন সংলগ্নী ব্যবহার করার প্রয়োজন নাই।

১.৬ নিয়োগ/পদোন্নতি প্রদান

| প্রতিবেদনাধীন বছরে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| - | - | - | - | - | - | - |

**(২) অডিট আপত্তি : প্রযোজ্য নয়।**

২.১ অডিট আপত্তি সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত)

*(টাকার অঙ্ক কোটি টাকায় প্রদান করতে হবে)*

| ক্রমিক | মন্ত্রণালয়/বিভাগসমূহের নাম | অডিট আপত্তি | | ব্রডশিটে জবাবের সংখ্যা | নিষ্পত্তিকৃত অডিট আপত্তি | | অনিষ্পন্ন অডিট আপত্তি | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | - | - | - | – | - | - | - | - |
| | - | - | - | – | - | - | - | - |
| | সর্বমোট | | | | | | | |

২.২ অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সেসব কেসসমূহের তালিকা

**(৩) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)**

| প্রতিবেদনাধীন অর্থ-বছরে (২০১৮-১৯) মন্ত্রণালয়/অধিদপ্তর/সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | চাকুরিচ্যুতি/বরখাস্ত | অব্যাহতি | অন্যান্য দন্ড | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ২ | - | - | - | - | ২ |

**(৪) সরকার কর্তৃক/সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলা (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত)**

| সরকারি সম্পত্তি/স্বার্থ রক্ষার্থে মন্ত্রণালয়/বিভাগ/আওতাধীন সংস্থাসমূহ কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ-এর বিরুদ্ধে দায়েরকৃত রিট মামলার সংখ্যা | উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা | দায়েরকৃত মোট মামলার সংখ্যা | নিষ্পত্তিকৃত মোট মামলার সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| - | - | - | - | - |

(৫) মানবসম্পদ উন্নয়ন

৫.১ দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত)

| প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| ১৩ | ৪৪৬ |

৫.২ মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক প্রতিবেদনাধীন অর্থ-বছরে (২০১৮-১৯) কোন ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: ইনস্টিটিউটের স্থায়ী কর্মচারীদের জন্য ২টি ইন-হাউজ প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়েছে।

৫.৩ প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: প্রযোজ্য নয়।

৫.৪ মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি-না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি-না? প্রযোজ্য নয়।

৫.৫ প্রতিবেদনাধীন অর্থ-বছরে (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত) প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: ০৩ জন।

**(৬) সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত)**

| দেশের অভ্যন্তরে সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা | সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীদের সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| ৫ | ৬৫৩ |

**(৭) তথ্যপ্রযুক্তি ও কম্পিউটার স্থাপন**

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে কম্পিউটারের মোট সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ইন্টারনেট সুবিধা আছে কি না | মন্ত্রণালয় /বিভাগ/ সংস্থাসমূহে ল্যান (LAN) সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ওয়ান (WAN) সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে কম্পিউটার প্রশিক্ষিত জনবলের সংখ্যা | |
|---|---|---|---|---|---|
| | | | | কর্মকর্তা | কর্মচারি |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১০৪ | হ্যাঁ | না | না | ২ | ১০ |

এস.এম. জিয়াউর রহমান
পরিচালক (প্রশাসন)
ফোন: ০২-৯৫৭৪০৯৯ (অফিস)
ফ্যাক্স: ০২-৯৫৭৪০২৯
E-mail: jati_dak@yahoo.com

# আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরিত
# বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট সম্পর্কিত প্রয়োজনীয় তথ্য

## ১। বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট-এর সিটিজেন চার্টার ঃ

বিচার কর্মবিভাগে নিযুক্ত ব্যক্তি, আইনজীবী ও বিচার ব্যবস্থার সহিত সম্পৃক্ত কতিপয় অন্যান্য পেশাজীবীগণের পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য ১৯৯৫ সনের ১৫নং আইন দ্বারা বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট প্রতিষ্ঠা করা হয়। বিচারপ্রার্থী জনগণের ন্যায় বিচার নিশ্চিতকরণ ও দ্রুত মামলা নিস্পত্তির লক্ষ্যে বিচার সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের দক্ষতা বৃদ্ধিকল্পে বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট নিম্নলিখিত কার্যাদি সম্পন্ন করিয়া থাকেঃ

(ক) বিচার কর্ম বিভাগে নিযুক্ত ব্যক্তি, সরকারী মামলা পরিচালনার দায়িত্ব পালনকারী আইন কর্মকর্তা, বাংলাদেশ বার কাউন্সিল কর্তৃক সংরক্ষিত তালিকায় অন্তর্ভুক্ত এডভোকেট এবং সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের অধঃস্তন সকল আদালত ও ট্রাইব্যুনালে নিযুক্ত কর্মকর্তা ও কর্মচারীগণকে প্রশিক্ষণ প্রদান;

(খ) আইন এবং বিভিন্ন প্রকার আইনগত দলিলের খসড়া প্রণয়ন বিষয়ে প্রশিক্ষণের আয়োজন ও পরিচালনা;

(গ) আন্তর্জাতিক সাহায্য সংস্থার সহযোগিতায় আইন এবং বিভিন্ন প্রকার আইনগত দলিলের খসড়া প্রণয়ন বিষয়ে বিভিন্ন দেশের প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ প্রদান;

(ঘ) আদালত ব্যবস্থাপনা সম্পর্কে গবেষণা এবং তথ্যানুসন্ধান করা এবং উক্তরূপ গবেষণা ও তথ্যানুসন্ধানলব্ধ তথ্যাদি প্রকাশ;

(ঙ) বিচার ব্যবস্থা ও বিচার কার্যের গুণগত উন্নয়নের লক্ষ্যে জাতীয় ও আন্তর্জাতিক সম্মেলন, ওয়ার্কশপ ও সিম্পোজিয়ামের আয়োজন ও পরিচালনা;

(চ) বিচার ব্যবস্থা ও আদালত ব্যবস্থাপনা বিষয়ে সাময়িকী, প্রতিবেদন ইত্যাদি প্রকাশ;

(ছ) বিচার ব্যবস্থা ও আদালত ব্যবস্থাপনা সম্পর্কিত যে কোন বিষয়ে সরকারকে পরামর্শ প্রদান;

(জ) এই আইনের অধীন প্রশিক্ষণের পাঠক্রম ও অধ্যয়নের বিষয় নির্দিষ্ট করা এবং প্রশিক্ষণ সংক্রান্ত যাবতীয় বিষয়াদি নির্ধারণ;

(ঝ) ইনস্টিটিউটে প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তিগণকে সার্টিফিকেট প্রদান;

(ঞ) লাইব্রেরী ও পাঠাগার স্থাপন ও উহাদের পরিচালনা;

(ট) বিচার প্রশাসন ব্যবস্থাকে সক্রিয় করার উদ্দেশ্যে বিধি দ্বারা নির্ধারিত যে কোন কাজ;

(ঠ) মাঠ পর্যায়ের বিচারকগণের দ্রুততম সময়ে মামলা-মোকদ্দমা নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় পরামর্শ/ আইন সংশ্লিষ্ট রেফারেন্স সরবরাহকরণ;

২। **অভিযোগ নিষ্পত্তিকরণ কর্মকর্তা ঃ**

পরিচালক (প্রশাসন)
বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট।
ফোন-৯৫৭৪০৯৯ (অফিস)

৩। **তথ্য অবমুক্তকরণ কর্মকর্তা ঃ**

পরিচালক (প্রশাসন)
বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট।
ফোন-৯৫৭৪০৯৯ (অফিস)

৪। **তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ঃ**

পরিচালক (প্রশাসন)
বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট।
ফোন-৯৫৭৪০৯৯ (অফিস)

৫। **তথ্য প্রদানকারী বিকল্প কর্মকর্তা ঃ**

সহকারী পরিচালক (প্রশাসন)
বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট।
ফোন-৯৫৬৪৯০০ (অফিস)

ই-মেইল প্রেরণের তারিখ: ১২/০১/২০১৬

প্রাপক: প্রোগ্রামার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

C:\Users\JATI\Desktop\Citizen Charter-JATI.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট**
১৫, কলেজ রোড, ঢাকা
**হিসাব শাখা।**

নং ঃ ১০.০৬.০০০০.০০৪.০২.০০২.১৭.১২৪০ তারিখ ঃ ০৭/১০/২০১৯খ্রিঃ।

**বিষয় ঃ বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণের প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র ঃ আইন ও বিচার বিভাগের ০১/১০/২০১৯খ্রিঃ তারিখের ১০.০০.০০০০.১২৬.২০.১৪৭.১৯.১৫১৭ নং স্মারকযুক্ত পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ইনস্টিটিউটের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা এবং বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ সংক্রান্ত প্রতিবেদন আইবাস ++ সফটওয়ারের মাধ্যমে পূরণের পর উহার রিপোর্টের একটি প্রিন্ট কপি এতদ্‌সঙ্গে প্রেরণ করা হইল। উল্লেখ্য যে, ইনস্টিটিউটের অনুকূলে ২০১৯-২০ অর্থবছরে প্রাপ্তি বাজেট ও কর ব্যতীত প্রাপ্তি/রাজস্ব প্রাপ্তি বাজেট নাই বিধায় উক্ত অংশ পূরণ করা হয় নাই।

এস,এম, জিয়াউর রহমান
পরিচালক (প্রশাসন)
ফোন ঃ ৯৫৭৪০৯৯(অফিস)।

প্রতি,

মাননীয় সচিব
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ সিনিয়র সহকারী সচিব
বাজেট ও উন্নয়ন অনুবিভাগ, বাজেট শাখা।

# বাজেট বাস্তবায়ন পরিকল্পনা

## কোয়ার্টারওয়ারী বিস্তারিত বিভাজন

## ১২১ - আইন ও বিচার বিভাগ

## ১২১০১ - সচিবালয়, আইন ও বিচার বিভাগ

### পরিচালন কার্যক্রম

### সাধারণ কার্যক্রম

(অংকসমূহ হাজার টাকায়)

| প্রাতিষ্ঠানিক কোড | অফিস কোড | অর্থনৈতিক গ্রুপ/কোড | বিবরণ | লক্ষ্যমাত্রা ১ম কোয়ার্টার | লক্ষ্যমাত্রা ২য় কোয়ার্টার | লক্ষ্যমাত্রা ৩য় কোয়ার্টার | লক্ষ্যমাত্রা ৪র্থ কোয়ার্টার | মোট লক্ষ্যমাত্রা/বাজেট ২০১৯-২০ | অনুমোদিত বাজেট ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১২১০১০৪ | | | **বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট** | | | | | | |
| | ১২১০১০৪১০৪৪২২ | | **বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট** | | | | | | |
| | | ৩ | **আবর্তক ব্যয়** | | | | | | |
| | | ৩১ | **কর্মচারীদের প্রতিদান (Compensation)** | | | | | | |
| | | ৩১১১ | **নগদ মজুরি ও বেতন** | | | | | | |
| | | ৩১১১১০১ | মূল বেতন (অফিসার) ( অফিসারদের বেতন ) | ২৩,৭৫ | ২৩,৭৫ | ২৩,৭৫ | ২৩,৭৫ | ৯৫,০০ | ৯৫,০০ |
| | | ৩১১১২০১ | মূল বেতন (কর্মচারী) ( কর্মচারীদের বেতন ) | ২২,৫০ | ২২,৫০ | ২২,৫০ | ২২,৫০ | ৯০,০০ | ৯০,০০ |
| | | ৩১১১৩০১ | দায়িত্ব ভাতা ( ভাতাদি ) | ০ | ১০ | ২০ | ২০ | ৫০ | ৫০ |
| | | ৩১১১৩০২ | যাতায়াত ভাতা ( ভাতাদি ) | ৪০ | ৪০ | ৪০ | ৪২ | ১,৬২ | ১,৬২ |
| | | ৩১১১৩০৬ | শিক্ষা ভাতা ( ভাতাদি ) | ১,৩০ | ১,৩০ | ১,৩০ | ১,৩০ | ৫,২০ | ৫,২০ |
| | | ৩১১১৩১০ | বাড়ি ভাড়া ভাতা ( ভাতাদি ) | ২৩,৭৫ | ২৩,৭৫ | ২৩,৭৫ | ২৩,৭৫ | ৯৫,০০ | ৯৫,০০ |
| | | ৩১১১৩১১ | চিকিৎসা ভাতা ( ভাতাদি ) | ২,৬১ | ২,৬১ | ২,৬১ | ২,৬১ | ১০,৪৪ | ১০,৪৪ |
| | | ৩১১১৩১২ | মোবাইল/সেলফোন ভাতা ( ভাতাদি ) | ১৭ | ১৭ | ১৭ | ১৯ | ৭০ | ৭০ |
| | | ৩১১১৩১৩ | আবাসিক টেলিফোন নগদায়ন ভাতা ( ভাতাদি ) | ৭০ | ৭০ | ৭০ | ৭০ | ২,৮০ | ২,৮০ |
| | | ৩১১১৩১৪ | টিফিন ভাতা ( ভাতাদি ) | ২৭ | ২৭ | ২৭ | ২৭ | ১,০৮ | ১,০৮ |
| | | ৩১১১৩১৬ | ধোলাই ভাতা ( ভাতাদি ) | ৮ | ৮ | ৮ | ৮ | ৩২ | ৩২ |
| | | ৩১১১৩২৫ | উৎসব ভাতা ( ভাতাদি ) | ১৮,৫০ | ০ | ০ | ১৬,৫০ | ৩৫,০০ | ৩৫,০০ |
| | | ৩১১১৩২৭ | অধিকাল ভাতা ( ভাতাদি ) | ১,২৫ | ১,২৫ | ১,২৫ | ১,২৫ | ৫,০০ | ৫,০০ |
| | | ৩১১১৩২৮ | শ্রান্তি ও বিনোদন ভাতা ( ভাতাদি ) | ১,৫০ | ১,৫০ | ১,৫০ | ১,৬০ | ৬,১০ | ৬,১০ |
| | | ৩১১১৩৩১ | আপ্যায়ন ভাতা ( ভাতাদি ) | ২৫ | ২৫ | ২৫ | ২৫ | ১,০০ | ১,০০ |
| | | ৩১১১৩৩২ | সম্মানী ভাতা ( ভাতাদি ) | ০ | ৬০ | ১,০০ | ৩,০০ | ৪,৬০ | ৪,৬০ |
| | | ৩১১১৩৩৫ | বাংলা নববর্ষ ভাতা ( ভাতাদি ) | ০ | ০ | ৪,০০ | ০ | ৪,০০ | ৪,০০ |
| | | ৩১১১৩৩৮ | অন্যান্য ভাতা ( ভাতাদি ) | ৪,০০ | ৪,০০ | ৪,০০ | ৪,০০ | ১৬,০০ | ১৬,০০ |
| | | ৩১১১৩৩৯ | পাচক ভাতা ( ভাতাদি ) | ৪৮ | ৪৮ | ৪৮ | ৪৮ | ১,৯২ | ১,৯২ |
| | | ৩১১১৩৪০ | নিরাপত্তা ভাতা ( ভাতাদি ) | ৪৮ | ৪৮ | ৪৮ | ৪৮ | ১,৯২ | ১,৯২ |
| | | ৩১১১৩৪১ | বিচারিক ভাতা ( ভাতাদি ) | ২,২৫ | ২,২৫ | ২,২৫ | ২,২৫ | ৯,০০ | ৯,০০ |
| | | | **উপমোট - নগদ মজুরি ও বেতন:** | **১,০৪,২৪** | **৮৬,৪৪** | **৯০,৯৪** | **১,০৫,৫৮** | **৩,৮৭,২০** | **৩,৮৭,২০** |
| | | ৩২ | **পণ্য ও সেবার ব্যবহার** | | | | | | |
| | | ৩২১১ | **প্রশাসনিক ব্যয়** | | | | | | |
| | | ৩২১১১০৬ | আপ্যায়ন ব্যয় ( প্রশাসনিক ব্যয় ) | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ২,০০ | ২,০০ |
| | | ৩২১১১১৩ | বিদ্যুৎ ( প্রশাসনিক ব্যয় ) | ৯,২৫ | ৯,২৫ | ৯,২৫ | ৯,২৫ | ৩৭,০০ | ৩৭,০০ |
| | | ৩২১১১১৫ | পানি ( প্রশাসনিক ব্যয় ) | ৫,০০ | ২,৫০ | ৫০ | ০ | ৮,০০ | ৮,০০ |
| | | ৩২১১১১৭ | ইন্টারনেট/ ফ্যাক্স/ টেলেক্স ( প্রশাসনিক ব্যয় ) | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ২,০০ | ২,০০ |
| | | ৩২১১১১৯ | ডাক ( প্রশাসনিক ব্যয় ) | ০ | ১০ | ০ | ০ | ১০ | ১০ |
| | | ৩২১১১২০ | টেলিফোন ( প্রশাসনিক ব্যয় ) | ০ | ৫০ | ১,০০ | ১,০০ | ২,৫০ | ২,৫০ |

এস.এম. জিয়াউর রহমান
পরিচালক (প্রশাসন)
(জেলা ও দায়রা জজ)
বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট
১৫, কলেজ রোড, ঢাকা।

(অংকসমূহ হাজার টাকায়)

| প্রাতিষ্ঠানিক কোড | অফিস কোড | অর্থনৈতিক গ্রুপ/কোড | বিবরণ | লক্ষ্যমাত্রা ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট লক্ষ্যমাত্রা/বাজেট ২০১৯-২০ | অনুমোদিত বাজেট ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ৩২১১১২৫ | প্রচার ও বিজ্ঞাপন ব্যয় ( প্রশাসনিক ব্যয় ) | ২৫ | ৫০ | ৫০ | ৭৫ | ২,০০ | ২,০০ |
| | | ৩২১১১২৭ | বইপত্র ও সাময়িকী ( প্রশাসনিক ব্যয় ) | ৫০ | ১,০০ | ১,০০ | ২,৫০ | ৫,০০ | ৫,০০ |
| | | ৩২১১১৩৪ | শ্রমিক (অনিয়মিত) মজুরি ( প্রশাসনিক ব্যয় ) | ২,৫০ | ৬,৫০ | ৪,৫০ | ৪,৫০ | ১৮,০০ | ১৮,০০ |
| | | | **উপমোট - প্রশাসনিক ব্যয়:** | **১৮,৫০** | **২১,৩৫** | **১৭,৭৫** | **১৯,০০** | **৭৬,৬০** | **৭৬,৬০** |
| | | **৩২৩১** | **প্রশিক্ষণ** | | | | | | |
| | | ৩২৩১৩০১ | প্রশিক্ষণ ( প্রশিক্ষণ ) | ৩০,০০ | ৫০,০০ | ৪০,০০ | ৩০,০০ | ১,৫০,০০ | ১,৫০,০০ |
| | | | **উপমোট - প্রশিক্ষণ:** | **৩০,০০** | **৫০,০০** | **৪০,০০** | **৩০,০০** | **১,৫০,০০** | **১,৫০,০০** |
| | | **৩২৪৩** | **পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট** | | | | | | |
| | | ৩২৪৩১০১ | পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট ( পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট ) | ৫,০০ | ৫,০০ | ৫,০০ | ৫,০০ | ২০,০০ | ২০,০০ |
| | | ৩২৪৩১০২ | গ্যাস ও জ্বালানি ( পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট ) | ২৫ | ২৫ | ২৫ | ২৫ | ১,০০ | ১,০০ |
| | | | **উপমোট - পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট:** | **৫,২৫** | **৫,২৫** | **৫,২৫** | **৫,২৫** | **২১,০০** | **২১,০০** |
| | | **৩২৪৪** | **ভ্রমণ ও বদলি** | | | | | | |
| | | ৩২৪৪১০১ | ভ্রমণ ব্যয় ( ভ্রমণ ও বদলি ) | ৬০ | ২,০০ | ১,৪০ | ১,০০ | ৫,০০ | ৫,০০ |
| | | | **উপমোট - ভ্রমণ ও বদলি:** | **৬০** | **২,০০** | **১,৪০** | **১,০০** | **৫,০০** | **৫,০০** |
| | | **৩২৫৫** | **মুদ্রণ ও মনিহারি** | | | | | | |
| | | ৩২৫৫১০১ | কম্পিউটার সামগ্রী ( মুদ্রণ ও মনিহারি ) | ৩০ | ১,০০ | ১,০০ | ১,২০ | ৩,৫০ | ৩,৫০ |
| | | ৩২৫৫১০২ | মুদ্রণ ও বাঁধাই ( মুদ্রণ ও মনিহারি ) | ৩৫ | ১৫ | ১,০০ | ২,০০ | ৩,৫০ | ৩,৫০ |
| | | ৩২৫৫১০৫ | অন্যান্য মনিহারি ( মুদ্রণ ও মনিহারি ) | ১,১৫ | ৩,৩৫ | ৫,৫০ | ৫,০০ | ১৫,০০ | ১৫,০০ |
| | | | **উপমোট - মুদ্রণ ও মনিহারি:** | **১,৮০** | **৪,৫০** | **৭,৫০** | **৮,২০** | **২২,০০** | **২২,০০** |
| | | **৩২৫৬** | **সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী** | | | | | | |
| | | ৩২৫৬১০৬ | পোশাক ( সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী ) | ০ | ০ | ০ | ২,৫০ | ২,৫০ | ২,৫০ |
| | | | **উপমোট - সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী:** | **০** | **০** | **০** | **২,৫০** | **২,৫০** | **২,৫০** |
| | | **৩২৫৭** | **পেশাগত সেবা, সম্মানী ও বিশেষ ব্যয়** | | | | | | |
| | | ৩২৫৭৩০২ | চিকিৎসা ব্যয় ( বিশেষ ব্যয় ) | ১,২৫ | ১,২৫ | ১,২৫ | ১,২৫ | ৫,০০ | ৫,০০ |
| | | | **উপমোট - পেশাগত সেবা, সম্মানী ও বিশেষ ব্যয়:** | **১,২৫** | **১,২৫** | **১,২৫** | **১,২৫** | **৫,০০** | **৫,০০** |
| | | **৩২৫৮** | **মেরামত ও সংরক্ষণ** | | | | | | |
| | | ৩২৫৮১০১ | মোটরযান ( মেরামত ও সংরক্ষণ ) | ০ | ১,৫০ | ১,৫০ | ২,০০ | ৫,০০ | ৫,০০ |
| | | ৩২৫৮১০২ | আসবাবপত্র ( মেরামত ও সংরক্ষণ ) | ০ | ০ | ২,৫০ | ০ | ২,৫০ | ২,৫০ |
| | | ৩২৫৮১০৩ | কম্পিউটার ( মেরামত ও সংরক্ষণ ) | ০ | ৫০ | ১,০০ | ১,৫০ | ৩,০০ | ৩,০০ |
| | | | **উপমোট - মেরামত ও সংরক্ষণ:** | **০** | **২,০০** | **৫,০০** | **৩,৫০** | **১০,৫০** | **১০,৫০** |
| | | **৩৮** | **অন্যান্য ব্যয়** | | | | | | |
| | | **৩৮২১** | **আবর্তক স্থানান্তর যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয়** | | | | | | |
| | | ৩৮২১১০২ | ভূমি উন্নয়ন কর ( অন্যান্য বিবিধ ব্যয় ) | ০ | ০ | ০ | ৫ | ৫ | ৫ |
| | | ৩৮২১১০৩ | পৌর কর ( অন্যান্য বিবিধ ব্যয় ) | ০ | ১১,০০ | ০ | ০ | ১১,০০ | ১১,০০ |
| | | | **উপমোট - আবর্তক স্থানান্তর যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয়:** | **০** | **১১,০০** | **০** | **৫** | **১১,০৫** | **১১,০৫** |

এস.এম. জিয়াউর রহমান
পরিচালক (প্রশাসন)
(জেলা ও দায়রা জজ)
বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট
১৫, কলেজ রোড, ঢাকা।

10C

(অংকসমূহ হাজার টাকায়)

| স্থানিক কোড | অফিস কোড | অর্থনৈতিক গ্রুপ/কোড | বিবরণ | লক্ষ্যমাত্রা ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট লক্ষ্যমাত্রা/বাজেট ২০১৯-২০ | অনুমোদিত বাজেট ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ৪ | **মুলধন ব্যয়** | | | | | | |
| | | ৪১ | **অআর্থিক সম্পদ** | | | | | | |
| | | ৪১১২ | **যন্ত্রপাতি ও সরঞ্জামাদি** | | | | | | |
| | | ৪১১২২০২ | কম্পিউটার ও আনুষঙ্গিক ( পরিবহণ যন্ত্রপাতি ছাড়া অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জাম ) | ০ | ০ | ০ | ১০,০০ | ১০,০০ | ১০,০০ |
| | | ৪১১২৩১৪ | আসবাবপত্র ( যন্ত্রপাতি ও সরঞ্জাম যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয় ) | ০ | ০ | ৩,৩৪ | ০ | ৩,৩৪ | ৩,৩৪ |
| | | ৪১১২৩১৬ | অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি ( যন্ত্রপাতি ও সরঞ্জাম যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয় ) | ০ | ০ | ০ | ১,৭৬ | ১,৭৬ | ১,৭৬ |
| | | | **উপমোট - যন্ত্রপাতি ও সরঞ্জামাদি:** | **০** | **০** | **৩,৩৪** | **১১,৭৬** | **১৫,১০** | **১৫,১০** |
| | | | **মোট - বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট:** | **১,৬১,৬৪** | **১,৮৩,৭৯** | **১,৭২,৪৩** | **১,৮৮,০৯** | | **৭,০৫,৯৫** |
| | | | **মোট - বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট:** | **১,৬১,৬৪** | **১,৮৩,৭৯** | **১,৭২,৪৩** | **১,৮৮,০৯** | | **৭,০৫,৯৫** |
| | | | **মোট - আইন ও বিচার বিভাগ:** | **১,৬১,৬৪** | **১,৮৩,৭৯** | **১,৭২,৪৩** | **১,৮৮,০৯** | **৭,০৫,৯৫** | **৭,০৫,৯৫** |

এস.এম. জিয়াউর রহমান
পরিচালক (প্রশাসন)
(জেলা ও দায়রা জজ)
বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট
১৫, কলেজ রোড, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳২০ ৳২০

৮৫০০৬৫১

No 1677

দলিল নং ১৬৭৭

Presented for Registration at 12.00 P.M on the day of 26/6/2000 at the ঢাকা সদর সাব রেজিঃ অফিস by Prodip Chandra Ray Asstt. Secretary through Md. Motahar Hossain Administrative Officer vide his letter No 663 date 25/6/2000 -

Execution is admitted by (1) Abu Bakar Siddiqui Director Administration of Law Training Institute old High court Bhaban Dhaka 1000

Execution by (2) Prodip Chandra Ray Asstt. Secretary who is Exampted from personal

11A

আবু বকর সিদ্দিকী
মোঃ আবু বকর সিদ্দিকী
পরিচালক
বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট
১৫নং কলেজ রোড ঢাকা

ইজারা দলিল

ঢাকা জেলার রমনা থানার অন্তর্গত ১৫নং কলেজ রোডস্থ প্রাতিষ্ঠানিক প্লট ইজারাদানের দলিল

এই ইজারা দলিল অদ্য দুই হাজার সালের ......জুন...... মাসের ...২৫... মোতাবেক বাংলা এক হাজার চার শত সাত সনের ......আষাঢ়...... মাসের ..........১২...... তারিখ।

এক পক্ষে ঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি যিনি অতঃপর "ইজারা দাতা" হিসাবে অভিহিত (যে অভিব্যক্তি দ্বারা যথাযথ প্রেক্ষিতে বিপরীতার্থ না বুঝাইলে ইজারাদাতার স্থলাভিষিক্ত আইনগত প্রতিনিধি বা স্ব স্ব নিয়োগীগণকেও বুঝাইবে)।

এবং

অপর পক্ষে ঃ

বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, যাহা বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১৫নং আইন) এর ৩নং ধারা অনুযায়ী একটি সংবিধিবদ্ধ সংস্থা এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন, অতঃপর "ইজারা গ্রহিতা" নামে অভিহিত (যে অভিব্যক্তি দ্বারা যথাযথ প্রেক্ষিতে বিপরীতার্থ না বুঝাইলে ইজারা গ্রহিতার উত্তরাধিকারী প্রতিনিধি, নির্বাহক, প্রশাসক ও স্বত্ব নিয়োগকেও বুঝাইবে) পক্ষে পরিচালক (সংস্থাপন ও প্রশিক্ষণ) জনাব আবু বকর সিদ্দিকী এর মধ্যে সম্পাদিত হইল।

১। যেহেতু ইজারা দাতা অত্র দলিলের ১ম তফসিলে বিস্তারিতভাবে বর্ণিত জেলা ঢাকার থানা রমনার অন্তর্গত ঢাকা সদর সাব-রেজিষ্ট্রি অফিসের অধীন মৌজা শহরঢাকা, (জে. এল. নং-৩৪৩, সিটি নং-২০, ওয়ার্ড নং-৪) সাবেক সি. এস. ১৫৭ খতিয়ানের অন্তর্গত ১০৮ দাগের মোতাবেক হাল (এস. এ.) ৩২১ নং খতিয়ানের ৬৬১ দাগের ৯.৮৩ একর ভূমির অন্দরে ৩.৩৮ একর ভূমির কাতে ০.৬৯ (দশমিক উনসত্তর) একর বা সমপরিমান ভূমি যাহা ইং ১১/৫/২০০০ মোতাবেক বাং ২৮/১/১৪০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট**
১৫, কলেজ রোড,ঢাকা।
**হিসাবশাখা**

## ইউটিলিটি সার্ভিসের বিল পরিশোধ সংক্রান্ত রিপোর্ট

### ১। বিদ্যুৎ বিল ঃ

ইনস্টিটিউটের নভেম্বর,২০১৯খ্রিঃ পর্যন্ত বিদ্যুৎ বিল পরিশোধ করা হয়েছে। ডিসেম্বর,২০১৯খ্রিঃ মাসের বিল এখনও পাওয়া যায় নাই।

### ২। টেলিফোন বিল ঃ

ইনস্টিটিউটের দাপ্তরিক টেলিফোনের ডিসেম্বর,২০১৯খ্রিঃ পর্যন্ত বিল পরিশোধ করা হয়েছে। আবাসিক টেলিফোন নগদায়নের কারণে কর্মকর্তাগণ ব্যক্তিগতভাবে পরিশোধ করেন।

### ৩। ইন্টারনেট বিল ঃ

ইনস্টিটিউটের ডিসেম্বর,২০১৯খ্রিঃ পর্যন্ত ইন্টারনেট বিল পরিশোধ করা হয়েছে।

### ৪। পানি বিল ঃ

ইনস্টিটিউটের ডিসেম্বর,২০১৮খ্রিঃ পর্যন্ত পানির বিল পরিশোধ করা হয়েছে। বাজেট স্বল্পতার কারণে বিল পরিশোধ করা সম্ভব হচ্ছেনা। ২০১৯-২০ অর্থ বছরের সংশোধিত বাজেটে বরাদ্দ পাওয়া গেলে বকেয়া বিল পরিশোধ করা হবে।

### ৫। গ্যাস বিল ঃ

ইনস্টিটিউটের সেপ্টেম্বর,২০১৮খ্রিঃ পর্যন্ত গ্যাস বিল পরিশোধ করা হয়েছে। বাজেট স্বল্পতার কারণে বিল পরিশোধ করা সম্ভব হচ্ছেনা। ২০১৯-২০ অর্থ বছরের সংশোধিত বাজেটে বরাদ্দ পাওয়া গেলে বকেয়া বিল পরিশোধ করা হবে।

১৪/১/২০২০

এস.এম. জিয়াউর রহমান
পরিচালক (প্রশাসন)
(জেলা ও দায়রা জজ)
বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট
১৫, কলেজ রোড, ঢাকা।

D:\Nurul Islam-JATI-26-11\4821-Electricity Bill\Payment Report\Report.doc